

💵 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়: সাওম সম্পর্কিত কিছু গুরুত্বপূর্ণ মাসআলা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

প্রশ্ন: কী কী কারণে সাওম ভঙ্গ হয়ে যায়?

জওয়াব: যেসব কারণে সাওম ভঙ্গ হয়ে যায়:

১ - সাওম রাখাবস্থায় ইচ্ছা করে খাবার ও পানীয় গ্রহণ। আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَكُلُواْ وَٱشْارَبُواْ حَتَّىٰ يَتَبَيَّنَ لَكُمُ ٱلاَخَياطُ ٱلاَأَبِايَضُ مِنَ ٱلاَخَياطِ ٱلاَأَساوَدِ مِنَ ٱلاَفَجارِا ثُمَّ أَتِمُّواْ الصِيّامَ إِلَى ٱلَّيالاَ ﴾ [البقرة: ١٨٧]

"এবং তোমরা আহার কর ও পান কর যতক্ষণ না ফজরের সাদা রেখা কালো রেখা থেকে স্পষ্ট হয়। অতঃপর রাত পর্যন্ত সাওম পূর্ণ কর।" [সূরা আল-বাকারা, আয়াত: ১৮৭]

২ – সহবাস করা। আল্লাহ তা আলা বলেন,

﴿ أُحِلَّ لَكُم؟ لَيالَةَ ٱلصِّيَامِ ٱلرَّفَتُ إِلَىٰ نِسَآئِكُم؟؟ ﴾ [البقرة: ١٨٧]

"সিয়ামের রাতে তোমাদের জন্য তোমাদের স্ত্রীদের নিকট গমন হালাল করা হয়েছে।" [সূরা আল-বাকারা, আয়াত: ১৮৭]

- ৩- খাদ্যজাতীয় ওষুধ ব্যবহার করা সাওম ভঙ্গের কারণ। তবে ইনসোলিন ইনজেকশন সাওমভঙ্গকারী নয়। খাদ্যজাতীয় ইনজেকশনও সাওম ভঙ্গের কারণ। ইনহেইলার সাওম ভঙ্গের কারণ নয়। চোখের ড্রপ সাওমভঙ্গকারী নয়। তাছাড়া সুরমা সাওম ভঙ্গকারী নয়।
- ৪- বিড়ি-সিগারেট সাওমভঙ্গকারী।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11013

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন